# শারহু মাসাইলিল জাহিলিয়্যাহ

বিভাগ/অধ্যায়ঃ ৪২. মালিকানায় শিরক

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ ড. ছলিহ ইবনে ফাওযান আল ফাওযান

---

মালিকানায় শিরক

মালিকানায় শিরক বিদ্যমান; যেমন অগ্নিপূজকদের কথা-কর্ম।

..................................................

ব্যাখ্যা: জাহিলী সমস্যা হচ্ছে মালিকানায় শিরক করা। যেমন অগ্নিপূজকদের কথা। আর অগ্নিপূজক হলো পারস্যের একটি দল যারা অগ্নিপূজা করে এবং বলে, এ জগতের দু’জন স্রষ্টা আছে, তা হলো আলো ও অন্ধকার। তাদের ধারণা, আলো কল্যাণ সৃষ্টি করে আর অন্ধকার সৃষ্টি করে অকল্যাণ। এ জন্য তাদেরকে ছানাবিয়্যাহ নামে ডাকা হয়। এটা রুবুবিয়্যায় (প্রভুত্বে) শিরক। তাদের রীতি: মুহরিমদের বিবাহ করা বৈধ, ধন-সম্পদ ও স্ত্রীদের মালিকানায় অংশিদার হওয়া বৈধ।

তারা কারো জন্য নির্দিষ্ট মালিকানা মেনে নেয় না। তাই স্ত্রী ও ধন-সম্পদে তারা অন্যদেরকে অংশিদার করতো। এর উপর ভিত্তি করেই বর্তমানে সাম্যবাদ ও সমাজতন্ত্রের উদ্ভব হয়েছে। এটা দীন ও স্বভাবকে বিনষ্ট করার বাতিলপন্থা। সুতরাং একজনই জগতের স্রষ্টা, তিনি একক, তিনি অমুখাপেক্ষী, তিনি কাউকে জন্ম দেননি, তাকে জন্ম দেয়া হয়নি এবং তার সমকক্ষ কোন কিছু নেই। তিনি একক মালিকানাকে বৈধ করেছেন এবং মুহরিমকে বিবাহ করা হারাম করেছেন।

---

Source — https://www.hadithbd.com/books/link/?id=9024

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন